গাংনীতে পুলিশের অভিযানে ৫ নারীসহ ৯ আসামি গ্রেফতার

গাংনী থানা পুলিশের নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় আদালতের গ্রেফতারি পরোয়ানাভূক্ত ৫ নারীসহ ৯ আসামি গ্রেফতার হয়েছে।

সোমবার দিবাগত রাত ব্যাপি আজ মঙ্গলবার ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে থানা পুলিশের পৃথক টিম একাধিক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের আমির আলীর স্ত্রী আয়েশা খাতুন মামলা নং সিআর ৩৫৯/২২, ওসমান আলীর স্ত্রী সানোয়ারা খাতুন, মামলা নং সিআর ৩৫৯/২২, মোবারক হোসেনের স্ত্রী সেলিনা খাতুন, মামলা নং সিআর ৩৭২/২২, বাবুল শাহ’র স্ত্রী পারুল খাতুন মামলা নং সিআর ৩৫৯/২২, সিরাজুল ইসলামের স্ত্রী সাবানা খাতুন মামলা নং সিআর ৩৭৩/২২, গাংনী থানার নিয়মিত মামলা নং ১১, তারিখ ০৮/০৫/২৩, ধারা ৪৩৬ পিসি এর আসামি নওদাপাড়া গ্রামের রিয়াজতুল্লাহর ছেলে রোজিফোর ও তার ছেলে হৃদয় হোসেন, সিআর মামলা নং ২১৮/২০২২ এর আদালতের পরোয়ানাভূক্ত আসামি গাংনী পৌর সভার শিশিরপাড়া গ্রামের রহমতুল্লাহ খাঁ এবং মামলা নং সিআর ২২৮/২০২৩ এর আসামি গাঁড়াডোব গ্রামের লালু’র ছেলে জনি হোসেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গোপন সুত্রে খবর পেয়ে গাংনী থানার একাধিক টিম পৃথক অভিযান চালিয়ে এইসব আসামি গ্রেফতার করেন।

আসামিদের আজ মঙ্গলবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে আগুন নেভাতে গিয়ে

গৃহকর্তা আহত

গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামে ঘরের আগুন নেভাতে গিয়ে হাসান আলী (৩০) নামের এক গৃহকর্তা আহত হয়েছেন।
আজ রবিবার বিকেল ৪ টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

আহত হাসান গজারিয়া হেমায়েতপুর গ্রামের মৃত নজরুল ইসলামের ছেলে।

গৃহকর্তা হাসান আলী জানান, বিকেলের দিকে রান্না ঘরের চূলা থেকে বসত ঘরে আগুন লাগে। এসময় তিনি আগুন নেভাতে গিয়ে অগ্নিদগ্ধ হয়ে মারাত্বক ভাবে আহত হন।
স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টার পাশাপাশি বামন্দী ফায়ার স্টেশনকে খবর দিলে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভাতে সক্ষম হয়।
এদিকে ফায়ার স্টেশনের সদস্যরা আহত হাসানকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।
এদের মধ্যে নিয়মিত মামলার ৪, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ ও পুলিশের দায়ের করা ১৫১ ধারায় ১ জন আসামি রয়েছে।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে রবিবার সকাল থেকে আজ সোমবার (৮ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়েছে। এদের মধ্যে সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ১ ও পুলিশের দায়ের করা ১৫১ ধারায় ১ জনসহ ২ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ আসামি গ্রেফতার করেছে।

গাংনী থানা ও সদর থানা পুলিশের সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃতদের আজ সোমবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনী উপজেলা যুবদলের সাধারণ সম্পাদক গ্রেফতার

নাশকতার মামলায় গাংনী উপজেলা যুবদলের সাধারণ সম্পাদক জাহিদুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ। যুবদল নেতা জাহিদুল ইসলাম গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মছের উদ্দীন সর্দারের ছেলে।

বামন্দী পুলিশ ফাঁড়ির ইনচার্জ উপপরিদর্শক (এসআই) ইস্রাফিল সঙ্গীয় ফোর্সসহ আজ রবিবার দিবাগত রাতে বামন্দী বাজারে অভিযান চালিয়ে জাহিদকে গ্রেফতার করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

ওসি আব্দুর রাজ্জাক জানান, সরকার বিরোধী নাশকতার পরিকল্পনা মামলায় জাহিদকে গ্রেফতার করা হয়েছে।

এদিকে গাংনী উপজেলা যুবদলের পক্ষ থেকে জানানো হয়েছে বিনা উস্কানিতে মিথ্যা মামলায় যুবদলের এই নেতাকে গ্রেফতার করেছে পুলিশ।

গ্রেফতারকৃত যুবদল নেতা জাহিদুলকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর মালশাদহ গ্রামে জমি দখলের অভিযোগ

হাইকোর্ট ও সুপ্রিম কোর্টের রায় থাকার পরেও ঘর ভেঙ্গে দিয়ে একটি পক্ষ জমি দখল করেছে বলে অভিযোগ করেছে গোলাম কাউছার নামের এক ব্যক্তি। ঘটনাটি গাংনী উপজেলার পশ্চিমমালশাদহ গ্রামে ঘটেছে।

ভূক্তভোগী গোলাম কাউছার বলেন, ১৯৯২ সালে সরকারের খাস খতিয়ানভূক্ত ৮ শতক জমি আমি বন্দোবস্ত নিয়েছি। সেখানে আমার ঘর থাকলেও গ্রামের একটি প্রভাবশালী গোষ্ঠি আমার সেই ঘর ভেঙ্গে দিয়ে দখল করে নিয়েছে।

মালশাদহ গ্রামের আজিজুল হক বুড়ো ও লিটন হোসেন এই জমি দখল করে নিয়েছেন বলে অভিযোগ তোলেন গোলাম কাউছার।

গোলাম কাউছার বলেন, আমি বিএনপির স্থানীয় নেতা। আমার ৮ শতক জমি প্রতিপক্ষ প্রভাবশালী গোষ্ঠি দখল করে নিয়ে সেখানে ঘর বাড়ি ও একটি ক্লাব ঘর তৈরী করেছে। আমি তাদের বাঁধা দিতে গেলে হত্যাসহ নানাভাবে হুমকী ধামকী দেন।

এব্যাপারে আজিজুল হক বুড়োর সাথে যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

গাংনীতে মুক্তিযোদ্ধাদের মতবিনিময় সভা

গাংনী উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। আজ শনিবার (৬ মে) সকাল সাড়ে ১০ টার সময় গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে ভবনে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার নজরুল ইসলাম। মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন সাবেক এমপি বীর

মুক্তিযোদ্ধা মোঃ মুকবুল হোসেন। বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুন্তাজ আলী।

অন্যান্যদের মধ্যে উপস্থিতি ছিলেন বীর মুক্তি যোদ্ধা আশরাফ মাস্টার, মুক্তিযোদ্ধা আবুল হাশেম, মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান, মুক্তিযোদ্ধা জামাত আলী, মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম, মুক্তিযোদ্ধা হযরত আলীসহ গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়নের ইউনিটের বীর মুক্তিযোদ্ধা গণ।

মতবিনিময় সভা সঞ্চালনায় ছিলেন মুক্তিযোদ্ধা হাবিবুর রহমান।

ছুটির দিনে পরীক্ষা নিলেন গাংনীর কয়েকটি মাধ্যমিক বিদ্যালয়

সরকারি আদেশ বৃদ্ধাঙ্গলি দেখিয়ে ছুটির দিনে পরীক্ষা নিলেন গাংনী পাইলট মাধ্যমিক স্কুল এন্ড কলেজ, জেটিএস মাধ্যমিক বালিকা বিদ্যালয়, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়সহ কয়েকটি বিদ্যালয়।

সরকারি ছুটির দিনে অষ্টম, নবম ও দশম শ্রেনীর পরীক্ষা নেওয়া হচ্ছে। এতে ওই বিদ্যালয়ের শিক্ষার্থীও শিক্ষকদের মধ্যে চাপা ক্ষোভ বিরাজ করছে।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন পরীক্ষার্থী জানালেন, প্রধান শিক্ষক আফজাল হোসেন ছুটির দিনে পরীক্ষা নিচ্ছেন। এটা আমাদের ইচ্ছার বাইরে। শিক্ষকরাও বিষয়টি নিয়ে বেশ ক্ষিপ্ত। তারা জানান, ছুটির দিন নিজের পরিবারকে একটু সময় দেবো। অথচ, প্রধান শিক্ষক একই সিদ্ধান্ত নিয়ে পরীক্ষা নিচ্ছেন।

এব্যাপারে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক আফজাল হোসেন বলেন, রমজান মাসে দীর্ঘ একটি ছুটি ছিল। এছাড়া আমার বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার কেন্দ্র হওয়াতে ছুটির সংখ্যা আরো

বেড়েছে। তাই পরীক্ষা নিয়ে সময়টা বাচানো হচ্ছে।
এব্যারে গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার বলেন, শিক্ষার্থীদের ভালোর জন্য এটা হয়তো বা নিচ্ছেন। কিন্তু সরকারি নিয়ম অনুযায়ী ছুটির দিনে পরীক্ষা নেওয়ার কোনো নিয়ম নেই।

গাংনীতে স্বামীর পুরষাঙ্গ ছিড়ে দিলেন স্ত্রী

পান থেকে চুন খসলেই স্ত্রীকে পেটান কৃষক আব্দুল মালেক। মায়ের কথা শুনে বউ পেটানোর অপরাধে আগের ৩ বউ তাকে তালাক দিয়ে চলে গেছে। চতুর্থ বারের মত গার্মেন্টস কর্মী রিয়া খাতুনকে বিয়ে করেন ২ বছর আগে। এখন ঘরে একটি সন্তান। মায়ের কথা শুনে প্রায়ই রিয়ার উপর অকথ্য নির্যাতন চালান আব্দুল মালেক।

প্রতিদিনের ন্যায় আজ শুক্রবার দুপুরে রিয়া খাতুনকে তার স্বামী আব্দুল মালেক ও শাশুড়ি ঝাড়ু দিয়ে পেটাতে থাকেন। এক পর্যায়ে আত্ম রক্ষার্থে রিয়া খাতুন তার স্বামী আব্দুল মালেকের লিঙ্গ ধরে স্বজোরে টান দেন। এতে স্বামীর পুরুষাঙ্গ উপড়ে যাওয়ার উপক্রম হয়েছে। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক আবীর হাসান বলেন, আব্দুল মালেকের পুরুষাঙ্গ ভিতর থেকে বের হয়ে আসার উপক্রম হয়েছে। তার পুরুষাঙ্গ ৪ টি সেলাই দেওয়া হয়েছে। বর্তমানে তাকে হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

আহত আব্দুল মালেক বলেন, ঘরে একটি মুরগী মলত্যাগ করেছে। এটি আমার মা স্ত্রীকে বললে সে ক্ষিপ্ত হয়ে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করছিল। আমি তাকে নিষেধ করাই আমাকেও গালাগাল শুরু করে। আমি তাকে ঝাড়ু দিয়ে একটি কোপ দেওয়ায় আমার লিঙ্গ ধরে সে টানাটানি শুরু করে।

এদিকে রিয়া খাতুন অভিযোগ করেন আমার স্বামী তার মায়ের কথা শুনে

আমার উপর প্রায় নির্যাতন করে আসছিল। আজকে আমার শাশুড়ি ছেলেকে উস্কে দিলে আমাকে মারপিট শুরু করে। নিজের আত্মরক্ষার্থে তার লিঙ্গ ধরে টান মেরে আমি প্রানে বেঁচেছি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, এঘটনায় স্ত্রী রিয়া খাতুনকে তার বাড়ি থেকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। আইনগত বিষয় এখন প্রক্রিয়াধীন।

গাংনীতে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ উপজেলা ও পৌর শাখার কমিটি গঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর শাখার বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের কমিটি গঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৪ই মে) সকাল সাড়ে দশটার দিকে গাংনী সরকারি ডিগ্রি কলেজে অধ্যক্ষ মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুরের জেলা শাখা সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুর জেলা শাখার সহসভাপতি সিরাজুল ইসলাম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ মো: রফিকুল ইসলাম, মেহেরপুর শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান।

অনুষ্ঠানে অধ্যক্ষ মনিরুল ইসলামকে সভাপতি ও আলহাজ্ব শফি কামাল পলাশকে সাধারণ সম্পাদক করে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ গাংনী উপজেলা শাখা এবং আ.লীগ নেতা একরামুল হককে সভাপতি ও সাংবাদিক নুরুজ্জামান পাভেলকে সাধারণ সম্পাদক করে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ গাংনী পৌর শাখার কমিটি গঠন করা হয়।

গাংনীর মহাম্মদপুরে আব্দুল আলীম হত্যা মামলার আসামী গ্রেফতার

গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামে জমিজমা সংক্রান্ত বিরোধে আব্দুল আলীম ওরফে আলেহিম নামের এক ভ্যানচালককে কুপিয়ে হত্যা মামলায় আব্দুল হান্নান নামের একজন কে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

আজ বুধবার রাত সাড়ে ৯টার দিকে খলিশাকুন্ডি এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আব্দুল হান্নান হত্যা মামলার ৪ নম্বর আসামী ও মহম্মদপুর গ্রামের আব্দুল কাদেরের ছেলে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, আব্দুল আলীম ওরফে আলেহিম হত্যা মামলার ৪ নম্বর আসামী আব্দুল হান্নান খলিশাকুন্ডি বাজারের দিকে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলামের নির্দেশনায় এবং অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হাসেন নেতৃত্বে গাংনীর ওসি আব্দুর রাজ্জাক সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামী আব্দুল হান্নানকে আদালতে সোপর্দ করা হবে।

গাংনী থানা সুত্রে জানাগেছে, গত ২৮এপ্রিল শুক্রবার বেলা সাড়ে ১১ টার দিকে গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামের পূর্বপাড়া মাঠে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে আব্দুল গণির ছেলে আব্দুল আলীম ওরফে আলেহিম (৫০) নামের এক ভ্যান চালককে উপর্যপুরি কুপিয়ে হত্যা করে প্রতিপক্ষরা। এ ঘটনায় ২৯ এপ্রিল ২০২৩ ইং তারিখে নিহত আব্দুল আলীমের স্ত্রী মনোয়ারা খাতুন বাদী হয়ে একটি হত্যা মামলা দায়ের করে। যার মামলা ন-৩১। মামলায় দুই নারীসহ মোট ১০ জনকে আসামী করা হয়।

আসামীরা হলো- আব্দুল কাদেরের ছেলে সাইদুল ইসলাম, তার ছেলে সেন্টু মিয়া, কাদেরের ছেলে আব্দুল হান্নান,বান্টু মিয়া,

হান্নানের দুই ছেলে রাশেদুল ইসলাম ও রাসেল, আব্দুল হান্নানের স্ত্রী কুটিলা বেগম,বিল্লালের স্ত্রী ময়না খাতুন, ইয়াকুব আলী ও লিটন হোসেন।

মামলাটি তদন্তকারি কর্মকর্তা হিসেবে দায়িত্ব দেয়া হয় গাংনী থানার এসআই পিন্টু কুমার মন্ডলকে। মামলার অন্যান্য আসাীদেরর দ্রত সময়ের মধ্যে গ্রেফতার করা হবে বলে জানান ওসি আব্দুর রাজ্জাক।